

যুগান্তর

দৈনিক যুগান্তর, ২০১৯-০১-৩১, পৃ- ০২



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৮তম সমাবর্তনে শিক্ষার্থীদের মাঝে সনদ প্রদান করছেন মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী আ ক ম মোজাম্মেল হক

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৮তম সমাবর্তন অনুষ্ঠিত

নীতি-নৈতিকতা, দায়িত্বশীলতা, কর্মনৈপুণ্য, পেশাদারিত্ব এবং দেশপ্রেম হোক ভবিষ্যৎ বাংলাদেশের পথচলার নিয়ামক। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ১৮তম সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে অংশ নিয়ে মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এমপি নবীন গ্র্যাজুয়েটদের প্রতি এই আহ্বান জানান। বুধবার সকালে রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ১৮তম সমাবর্তনটি অনুষ্ঠিত হয়। এবারের সমাবর্তনে আন্ডার গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট প্রোগ্রামের ২০৭৩ জন শিক্ষার্থীকে সনদ দেয়া হয়। এছাড়া অনন্য মেধাবী আট শিক্ষার্থীকে দেয়া হয় স্বর্ণপদক।

সমাবর্তন বক্তা ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ইয়াসমিন হক।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট ট্রাস্টি বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান। সংবাদ বিজ্ঞপ্তি।

